# সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ২১২৬

৩৪/ ক্রয়-বিক্রয় (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৩৪/৫১. ওজন করার পারিশ্রমিক প্রদানের দায়িত্ব বিক্রেতা বা দ্রব্য প্রদানকারীর উপর।

بَاب الْكَيْلِ عَلَى الْبَائِعِ وَالْمُعْطِي

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ أَخْبَرَنَا مَالِكٌ عَنْ نَافِعٍ عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم قَالَ مَنْ ابْتَاعَ طَعَامًا فَلاَ يَبِعْهُ حَتَّى يَسْتَوْفِيَهُ

বাংলা

لِقَوْلِ اللهِ تَعَالَى (وَإِذَا كَالُوهُمْ أَوْ وَزَنُوهُمْ يُخْسِرُونَ) يَعْنِي كَالُوا لَهُمْ وَوَزَنُوا لَهُمْ كَقَوْلِهِ (يَسْمَعُونَكُمْ) يَسْمَعُونَ لَكُمْ

وَقَالَ النَّبِيُّ اكْتَالُوا حَتَّى تَسْتَوْفُوا وَيُذْكَرُ عَنْ عُثْمَانَ أَنَّ النَّبِيَّ قَالَ لَهُ إِذَا بِعْتَ فَكِلْ وَإِذَا ابْتَعْتَ فَاكْتَلْ t

আল্লাহ তা‘আলার বাণীঃ ‘‘যখন তারা লোকদের মেপে দেয় অথবা ওজন করে দেয় তখন কম দেয়’’- (মুত্বাফফিফীন (৮৩) : ৩)। এখানে (كَالُوهُمْ (يَسْمَعُونَكُمْ অর্থাৎ كَالُوا لَهُمْ এবং وَزَنُوهُمْ অর্থাৎ وَوَزَنُوا لَهُمْ যেমন বলা হয় (يَسْمَعُونَكُمْ) অর্থাৎ يَسْمَعُونَ لَكُمْ ।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ঠিকভাবে মেপে নিবে উসমান (রাঃ) হতে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে বলেছেন, যখন তুমি বিক্রি করবে তখন মেপে দিবে আর যখন ক্রয় করবে তখন মেপে নিবে।

---

২১২৬. ‘আবদুল্লাহ ইবনু ‘উমার (রাঃ) হতে বর্ণিত যে, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি খাদ্য ক্রয় করবে, সে তা পুরোপুরি আয়ত্তে না এনে বিক্রি করবে না। (২১২৪, মুসলিম ২১/৮, হাঃ ১৫২৬, আহমাদ ৩৯৬) (আধুনিক প্রকাশনীঃ ১৯৭৮ , ইসলামিক ফাউন্ডেশনঃ ১৯৯৩)

## English

Narrated `Abdullah ibn `Umar:

Allah's Messenger (ﷺ) said, "He who buys foodstuff should not sell it till he is satisfied with the measure with which he has bought it.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন ￼ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=26178

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন